



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
৯২ ৯৩-মহাখালী বা/এ, ঢাকা।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৪.৯৮.০১৪.১৯- ৬১৭

তারিখ: ০৬/০৭/২০২০ খ্রিঃ

বিষয়: ২০১৯-২০২০ অর্থ বছরে 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের আওতায় বাস্তবায়িত হেরিং বোন বন্ড রাস্তার বর্ষাজনিত কারণে ক্ষতিগ্রস্ত অংশ মেরামত করণ।


সূত্র: পরিকল্পনা মন্ত্রণালয়, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-১ এর স্মারক নং-২১.০০.০০০০.২৬৫.১৪.০০৫.১৯-১৯৩, তারিখ: ০৬-০৭-২০২০ খ্রিঃ।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের অধীন ২০১৯-২০২০ অর্থ বছরে ৪৯২ টি উপজেলায় সর্বমোট ২৬৯৪.৩৯ কিলোমিটার রাস্তা হেরিং বোন বন্ড (এইচবিবি) করণের কাজ বাস্তবায়িত হয়েছে/বাস্তবায়নাধীন রয়েছে।

২। চলমান বর্ষা মৌসুমে ইতোমধ্যে বিভিন্ন স্থানে আগাম বন্যা ও অতি বর্ষণের ফলে বর্তমান প্রকল্পের আওতায় বাস্তবায়িত হেরিং বোন বন্ড (এইচবিবি) কাজের কোনরূপ ক্ষতি হয়েছে কিনা, তা সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কর্তৃক সরেজমিন পরিদর্শন পূর্বক ক্ষয়ক্ষতি নিরূপন করতঃ সংশ্লিষ্ট ঠিকাদারের মাধ্যমে জরুরীভাবে মেরামত পূর্বক যান চলাচল উপযোগি করে বর্তমান অবস্থার ভিডিও চিত্রসহ নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করতে হবে।

৩। সদ্য সমাপ্ত হেরিং বোন বন্ড (এইচবিবি) রাস্তার সোল্ডার, এজিং, রাস্তার উপরিভাগ দেবে যাওয়া, এইচবিবি অংশের ইট ফাঁকা হয়ে থাকলে সে সকল স্থানে ক্ষতিগ্রস্ত অংশের ইট উঠিয়ে নতুন করে বালি দিয়ে বেড প্রস্তুত করতঃ সংশ্লিষ্ট অংশ মেরামত, সোল্ডারে মাটি ভরাটসহ ইটের ফাঁকা অংশে পর্যাপ্ত বালি দিয়ে মেরামতসহ অন্যান্য কম্পোনেন্ট ক্ষতিগ্রস্ত হলে সংশ্লিষ্ট ঠিকাদারের মাধ্যমে জরুরী ভিত্তিতে মেরামত করতে হবে।

৪। উপরোল্লিখিত নির্দেশনা অনুযায়ী আগামী ২৩/০৭/২০২০খ্রিঃ তারিখের মধ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) মেরামত সম্পন্ন করে নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।



(দীপক রঞ্জন অধিকারী)

(যুগ্ম-সচিব)

প্রকল্প পরিচালক

১। উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা: ....., জেলা: .....। 'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্প

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার

উপজেলা: ....., জেলা: .....।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৩। জেলা প্রশাসক, ..... জেলা।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ..... উপজেলা, ..... জেলা।

৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (ডিডিএম-এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার, ..... জেলা।

৭। অফিস কপি।